পরিশিষ্ট-ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর পক্ষে পরিচালক (প্রশিক্ষণ)

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

১ জুলাই, ২০১৮-৩০ জুন, ২০১৯

# সূচিপত্র

মণিকা

ম্পাদনের সার্বিক চিত্র

শন ১: রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং প্রধান কার্যাবলি

শন ২: বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

শন ৩: কৌশলগত উদ্দেশ্যভিত্তিক কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

যাজনী ১: শব্দ সংক্ষেপ

যোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী কার্যালয়সমূহ এবং পরিমাপ পদ্ধতি

যাজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে মাঠ পর্যায়ের অন্যান্য কার্যালয়ের নিকট সুনির্দিষ্ট চাহিদা

# উপক্রমণিকা (Preamble)

সরকারি দপ্তর/ সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

মহাপরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর পক্ষে পরিচালক (প্রশিক্ষণ)

এবং

সচিব, আইন ও বিচার বিভাগ, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৮ সালের জুন মাসের ২০ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of Judicial Administration Training Institute)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট বিগত ২০১৫-১৬ অর্থ বছরে ৪০৫ জন এবং ২০১৬-১৭ অর্থ বছরে ৬৪২ জনকে অত্র ইনস্টিটিউট প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়া ২০১৭-১৮ অর্থ বছরে সর্বমোট ৫৫০ জনকে প্রশিক্ষণ প্রদান করার লক্ষ্যে এই প্রতিষ্ঠান প্রশিক্ষণের আয়োজন করে যাচ্ছে। ইতোমধ্যে ইনস্টিটিউটে প্রচলিত বিভিন্ন কোর কোর্সের পাশাপাশি আদালত ব্যবস্থাপনা এবং প্রবেশন বিষয়ক একাধিক কর্মশালারও আয়োজন করা হয়েছে। ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থীদের জন্য ইন্টারনেটসহ প্রিন্টিং সুবিধার জন্য ই-কর্ণার চালু করা হয়েছে। ইনস্টিটিউটের ডরমিটরী ও ক্লাসরুমসহ প্রত্যেক তলায় wifi সুবিধা প্রদান করাসহ ইনস্টিটিউটে আগত প্রশিক্ষণার্থীদের জন্য online রেজিস্ট্রেশন কার্যক্রম সম্পন্ন করার জন্য ইতোমধ্যে ই-রেজিস্ট্রেশন সুবিধা চালু করা হয়েছে। আইন ও বিচার বিভাগের সাথে যৌথ উদ্যোগে ই-প্রকিউরমেন্ট প্রশিক্ষণসহ ILO, WINROCK International, NLASO, UNHCR, BLAST, WE CAN Bangladesh, USAID এর Justice for All Programme এবং মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয়ের $A_2i$ প্রজেক্টের সাথে ইনস্টিটিউট যৌথ উদ্যোগে একাধিক প্রশিক্ষণ কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

ইনস্টিটিউটের প্রধান সমস্যা এর স্থান স্বল্পতা। অত্যন্ত স্বল্প পরিসরে বর্তমানে এর কার্যক্রম পরিচালিত হওয়ায় বর্তমানে এক সঙ্গে একটির বেশি কোর্স পরিচালনা করা সম্ভব হচ্ছে না। প্রতিষ্ঠানটির ডরমিটরীতেও রয়েছে অপর্যাপ্ত আবাসন ব্যবস্থা। বর্তমানে নিম্ন আদালতসমূহে যে পরিমান বিচারক নিয়োগ প্রদান করা হচ্ছে, তাদেরকে যথাসময়ে প্রশিক্ষণ প্রদান করা না গেলে মামলার জট সহসাই নিরসন করা সম্ভব হবে না। ইনস্টিটিউটে ২টি পরিচালক, ৩টি উপ-পরিচালক ও ৩টি সহকারী পরিচালক এর পদ সৃজন করা প্রয়োজন। অধিকন্তু, প্রয়োজনের তুলনায় কর্মকর্তা-কর্মচারীর সংখ্যা কম হওয়ার ফলে ইনস্টিটিউটের নিয়মিত কার্যক্রম ব্যাহত হচ্ছে। ইনস্টিটিউটের কম্পিউটার ল্যাবের ৪৫টি কম্পিউটারের মধ্যে অর্ধেকের বেশি কম্পিউটার অকেজো ও ৪০টির বেশি পুরাতন ভার্সন হওয়ায় আই.টি প্রশিক্ষণ কার্যক্রম বাধাগ্রস্থ হচ্ছে।

**ভবিষ্যৎ পরিকল্পনা**

ইনস্টিটিউটের প্রকৃত উদ্দেশ্য তথা যথাযথ প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে বিচার ব্যবস্থায় গুনগত পরিবর্তন আনয়নের লক্ষ্যে ইনস্টিটিউট নিয়মিত কাজ করে যাচ্ছে। ইতোমধ্যে ইনস্টিটিউটের ১০ম হতে ১২ তলা পর্যন্ত উর্দ্ধমুখী সম্প্রসারণের কাজ শুরু হয়েছে। ১০ম তলা মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য আবাসন ব্যবস্থা

করার সিদ্ধান্ত নেয়া হয়েছে। স্থান সংকট দূর করার জন্য ইনস্টিটিউটের উত্তর পার্শ্বের জমি ইনস্টিটিউট বরাবরে প্রদান করার জন্য পত্র প্রদান করা হয়েছে। এছাড়াও জনবল সংকট নিরসন কল্পে ১৯টি পদ সৃজনের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করা হলে উক্ত মন্ত্রণালয় ১০টি পদ সৃজনে অনুমোদন প্রদান করেছে যা অর্থ মন্ত্রণালয় কর্তৃক চূড়ান্ত অনুমোদনের অপেক্ষায় আছে। ইনস্টিটিউটের গ্রন্থাগারটিকে ই-লাইব্রেরীতে রূপান্তর প্রক্রিয়া চলমান রয়েছে। তাছাড়া ইনস্টিডঁউটে ১টি মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। ইনস্টিটিউট কর্তৃক গৃহীত এ সব পদক্ষেপ সফলভাবে সম্পন্ন করা গেলে ইনস্টিটিউট একটি আধুনিক ও যুগোপযোগী প্রতিষ্ঠান হিসাবে নিজেকে প্রতিষ্ঠা করতে পারবে বলে আশা করা যায়।

**২০১৮-১৯ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহঃ**

* ২০১৮-১৯ অর্থবছরে বিচারবিভাগীয় কর্মকর্তা, সহায়ক কর্মচারী ও সরকারী কৌশুলীসহ মোট ৫৫০ জনকে ইনস্টিটিউট কর্তৃক প্রশিক্ষণ প্রদান;
* মহিলা প্রশিক্ষণার্থীদের জন্য নতুন ডরমিটরী স্থাপন;
* আলোচিত ও বিখ্যাত মামলার রায়সমূহ সংকলনের কার্যক্রম সম্পাদন;
* ইনস্টিটিউটের ওয়েবসাইটকে আরও শক্তিশালী ও আধুনিকীকরণ;
* ইনস্টিটিউটে ১টি মুক্তিযুদ্ধ কর্ণার স্থাপন।

## সেকশন ১ঃ

### রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision)ঃ**

বিচার ব্যবস্থায় দক্ষতা বৃদ্ধি করা।

**১.২ অভিলক্ষ্য (Mission)ঃ**

বিচার বিভাগীয় কর্মকর্তা এবং আইন ও বিচারের সঙ্গে সংশ্লিষ্ট ব্যক্তিদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে মানসম্মত প্রশিক্ষণ প্রদান।

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)ঃ**

১। ধারাবাহিক প্রশিক্ষণ, গবেষণা ও প্রকাশনা, পরামর্শ প্রদান এবং সেমিনার, ওয়ার্কশপসহ অন্যান্য কার্যক্রমের মাধ্যমে প্রশিক্ষনার্থীদের সক্ষমতা বৃদ্ধি;

২। ইনস্টিটিউটের অবকাঠামোগত সম্প্রসারণ ও লজিস্টিক সাপোর্ট নিশ্চিত করার লক্ষ্যে পদক্ষেপ গ্রহণ;

৩। প্রতিনিয়ত বিচারিক ও প্রশাসনিক কাঠামোর সঙ্গে সামঞ্জস্যপূর্ণভাবে প্রশিক্ষণ কার্যক্রমের সংস্কার করা;

**১.৪ কার্যাবলী (Functions)ঃ**

১। প্রশিক্ষণ সক্ষমতা ও প্রয়োজনীয়তা যাচাই করা;

২। প্রশিক্ষণ কোর্স ডিজাইন করা;

৩। প্রশিক্ষণ কোর্সের জন্য কোর্স মডিউল Develop করা;

৪। দক্ষ ও কার্যকরী রিসোর্স পার্সন এর উপস্থিতি নিশ্চিত করা;

৫। রিসোর্স পার্সন ও প্রশিক্ষণ সংক্রান্তে প্রশিক্ষণার্থীদের মূল্যায়ন প্রক্রিয়া উন্নতকরণ;

৬। প্রশিক্ষণ, প্রশাসন ও গবেষণা কাজে ব্যাপকভাবে প্রযুক্তির ব্যবহার নিশ্চিতকরণ;

৭। প্রশিক্ষণার্থী, রিসোর্স পার্সন ও সংশ্লিষ্ট অংশীজনদের মাঝে প্রযুক্তির মাধ্যমে যোগাযোগ নিশ্চিতকরণ;

৮। প্রশিক্ষণের প্রভাব মূল্যায়ন ও প্রয়োজনীয়তার নিরিখে আন্তর্জাতিক মানসম্পন্ন প্রশিক্ষণ কোর্স আয়োজনের লক্ষ্যে গবেষণা কার্যক্রম পরিচালনা;

৯। বাংলাদেশ সুপ্রীম কোর্ট, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় ও অন্যান্য দেশি-বিদেশী সংস্থার সাথে যৌথভাবে আইন ও বিচার সংক্রান্ত বিষয়াবলীর উপর ওয়ার্কশপ, সেমিনার ইত্যাদির আয়োজন করা।

## দপ্তর/সংস্থার বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রশিক্ষণলব্ধ জ্ঞান প্রয়োগের মাধ্যমে দ্রুততম সময়ে ন্যায় বিচার নিশ্চিত করণ | নিম্ন আদালতের বিচারকগণকে প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ২৯৬ | ৫২৯ | ৪৬০ | ৪৬০ | ৪৬০ | বাংলাদেশ সুপ্রীম কোর্ট ও আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | JATI |
| বিচার প্রার্থী জনগণের ভোগান্তি দূরীকরণে আদালত ব্যবস্থাপনায় বিচারককে সাহায্য করা | নিম্ন আদালতের কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৭৭ | ৭৪ | ৪৫ | ৪৫ | ৪৫ | আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | JATI |
| দ্রুততম সময়ে সরকারি মামলা নিষ্পত্তিতে আদালতকে সহায়তা করা | সরকারি কৌশুলী ও পাবলিক প্রসিকিউটরগণকে প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৩২ | ৩৯ | ৪৫ | ৪৫ | ৪৫ | আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | JATI |
| ইনস্টিটিউট কর্তৃক আয়োজিত প্রশিক্ষণ কার্যক্রম ও অফিস পরিচালনায় সহায়তা করা | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | সংখ্যা | ৪৬ | ৪৫ | - | ৩৫ | ৪০ | আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় | JATI |

*সাময়িক

সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সুচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সুচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of performance Indicators) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৮-১৯ (Target/Criteria Value for FY 2018-19 | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ | প্রক্ষেপণ (Projection) ২০২০-২১ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭ | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| দপ্তর/সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| বিচার ব্যবস্থার দক্ষতাবৃদ্ধি; | ৪৫ | [১.১] বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক-অভ্যন্তরিণ | সংখ্যা | ২৫ | ২৯৬ | ৫২৯ | ৪৬০ | ৪৫০ | ৪৪০ | ৪৩০ | ৪২০ | ৪৬০ | ৪৬০ |
| | | | [১.১.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা | | ২০ | ৭৭ | ৭৪ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৫ | ৪৫ | ৪৫ |
| | ২০ | [১.২] পাবলিক প্রসিকিউটরগণের প্রশিক্ষণের ব্যবস্থা করণ | [১.২.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | | ২০ | ৩২ | ৩৯ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৮ | ৩৫ | ৪৫ | ৪৫ |
| বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি | ১০ | [২.১] কর্মচারীদের অভ্যন্তরিণ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ | [২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মচারীগণ | সংখ্যা | ১০ | ৪৬ | ৪৫ | ৩৫ | ৩২ | ৩০ | ২৮ | ২৫ | ৪০ | ৪৫ |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | | | | |

আমি মোঃ গোলাম কিবরিয়া, পরিচালক (প্রশিক্ষণ), বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউটের মাননীয় মহাপরিচালক এর প্রতিনিধি হিসাবে সচিব, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় মন্ত্রী, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয় এর প্রতিনিধি হিসাবে মহাপরিচালক, বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

পক্ষে —
২০/৬/২০১৮

মোঃ গোলাম কিবরিয়া
(জেলা জজ)
পরিচালক (প্রশিক্ষণ)
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট
ঢাকা।

মহাপরিচালক
বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট

২০/৬/২০১৮
তারিখ

২০/৬/১৮

আবু সালেহ্ শেখ মোঃ জহিরুল হক
সচিব
আইন ও বিচার বিভাগ
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়

তারিখ

## সংযোজনী-১

### শব্দসংক্ষেপ

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ | বিবরণ |
|---|---|---|
| ১ | বিপ্রপ্রই | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট |
| ২ | JATI | Judicial Administration Training Institute |
| ৩ | ILO | International Labour Organization |
| ৪ | NLASO | National Legal Aid Services Organization |
| ৫ | A2i | Access to Information |
| ৬ | BLAST | Bangladesh Legal Aid & Services Trust |
| ৭ | UNHCR | United Nations High Commissioner for Refugees |
| ৮ | WE CAN Bangladesh | AMRAI PARI (WE CAN) Bangladesh |

সংযোজনী : কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| ক্রমিক নম্বর | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | বিবরণ | বাস্তবায়নকারী ইউনিট | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] বিচার কার্যে সংশ্লিষ্ট বিচারক, কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ প্রদান | [১.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত বিচারক | বিচার প্রশাসন পরিচালনা সংক্রান্তে | বিচার প্রশাসন প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিপ্রপ্রই) | আইন ও বিচার বিভাগের বার্ষিক প্রতিবেদন | |
| | | [১.১.২] প্রশিক্ষণ প্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী | বিচার প্রশাসন পরিচালনায় সহায়ক হিসাবে | ঐ | ঐ | |
| ২ | [২.১] পাবলিক প্রসিকিউটরগণের প্রশিক্ষণের ব্যবস্থাকরণ | [২.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত পাবলিক প্রসিকিউটর | সরকারি সম্পদ ও স্বার্থ রক্ষার্থে পাবলিক প্রসিকিউটরগণকে প্রশিক্ষিত করা | ঐ | ঐ | |
| ৩ | [৩.১] JATI কর্মচারীদের অভ্যন্তরীণ প্রশিক্ষণের ব্যবস্থাকরণ | [৩.১.১] প্রশিক্ষণ প্রাপ্ত JATI কর্মচারী | প্রশিক্ষণ ইনস্টিটিউট পরিচালনায় সহায়ক হিসাবে | ঐ | ঐ | |
| | | | | | | |
| | | | | | | |
| | | | | | | |

সংযোজনী ৩: অন্য মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থার.................নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |